

ক) বিষয়- রাষ্ট্রবিজ্ঞান (POLITICAL SCIENCE)

খ) অধ্যায়- ভারতের শাসন বিভাগ

গ) নির্বাচিত প্রশ্ন ও উত্তর।

\_\_"\_\_\_\_\_"\_\_\_\_\_ "\_\_\_\_\_"\_ "\_\_\_\_\_"\_\_\_\_\_ "\_\_\_\_\_"

1) ভারতের রাষ্ট্রপতিকে নির্বাচনের জন্য নির্বাচক সংস্থা কিভাবে গঠিত হয়?

উত্তর - ভারতীয় পার্লামেন্টের উভয় কক্ষের নির্বাচিত সদস্যদের এবং জাতীয় রাজধানী অঞ্চল দিল্লি ও কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরি-সহ রাজ্য বিধানসভা সমূহের নির্বাচিত সদস্যদের নিয়ে এই নির্বাচক সংস্থা গঠিত হয়।

2. পার্লামেন্টের উভয়কক্ষের অধিবেশন কে আহ্বান করেন?

উত্তর - রাষ্ট্রপতি

3. রাষ্ট্রপতি কখন অর্ডিন্যান্স জারি করতে পারেন?

উত্তর - ভারতের রাষ্ট্রপতি পার্লামেন্টের অধিবেশন স্থগিত ঘথাকাকালীন প্রশাসনের জরুরি প্রয়োজনে অর্ডিন্যান্স বা অধ্যাদেশ জারি করতে পারেন।

4. ভারতের উপরাষ্ট্রপতির প্রধান কাজ কি?

উত্তর - কেন্দ্রীয় আইনসভার উচ্চকক্ষ রাজ্যসভায় সভাপতিত্ব করাই উপরাষ্ট্রপতির প্রধান কাজ।

5. মন্ত্রিসভার যৌথদায়িত্ব বলতে কি বোঝায়?

উত্তর - সংসদীয় ব্যবস্থায় মন্ত্রিসভাকে আইনসভার নিম্নকক্ষ লোকসভার কাছে দায়বদ্ধ থাকতে হয়। কোনো বিশেষ দপ্তরের মন্ত্রীর বিরুদ্ধে লোকসভায় সদস্যরা অনাস্থা প্রস্তাব পাস করলে সংশ্লিষ্ট মন্ত্রিসহ সমগ্র মন্ত্রিসভার পদচ্যুতি ঘটে। একে মন্ত্রিসভার যৌথ দায়িত্ব বলে।

6. ভারতের কেন্দ্রীয় মন্ত্রীরা কিভাবে নিযুক্ত হন?

উত্তর -প্রধানমন্ত্রীর পরামর্শে রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হন।

7. সংবিধানের কত নং ধারায় কে প্রধানমন্ত্রীকে নিয়োগ করেন? তাঁর কার্যকালের সাধারণ মেয়াদ কতদিন?

উত্তর -সংবিধানের 75(1)নং ধারা অনুযায়ী রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীকে নিয়োগ করেন। প্রধানমন্ত্রীর কার্যকালের সাধারণ মেয়াদ পাঁচ বছর।

8. রাজ্যপালকে কে নিয়োগ করেন? কত বছরে জন্য তিনি মনোনীত হন?

উত্তর -রাজ্যপাল ভারতের রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হন। রাজ্যপাল পাঁচ বছরের জন্য মনোনীত হন।

9. রাজ্যপালের স্বেচ্ছাধীন ক্ষমতা বলতে কি বোঝায়?

উত্তর -রাজ্যপালের স্বেচ্ছাধীন ক্ষমতা বলতে এমন এক ধরনের বিশেষ ক্ষমতাকে বোঝায়, যা প্রয়োগ করতে তিনি মুখ্যমন্ত্রী বা মন্ত্রীসভার সঙ্গে কোনোপ্রকার পরামর্শ করতে বাধ্য নন।

10. রাজ্যের প্রকৃত শাসক কে? তাঁকে কে নিয়োগ করেন?

উত্তর -মুখ্যমন্ত্রী হলেন রাজ্যের প্রকৃত শাসক। মুখ্যমন্ত্রীকে নিয়োগ করেন রাজ্যপাল।